লতিফা-শফি চৌধুরী মহিলা ডিগ্রি কলেজে ওরিয়েন্টেশন ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

চেম্বার ডেস্ক:: দক্ষিণ সুরমা উপজেলা নির্বাহী অফিসার নুসরাত লায়লা নীরা বলেছেন, সরকার নারী শিক্ষাকে এগিয়ে নিতে বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করেছে। সরকারী সুযোগ-সুবিধা গ্রহণ করে নারী শিক্ষার্থীরা এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, বর্তমান বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায় জ্ঞান অর্জনের বিকল্প নেই। শিক্ষার্থীরা পারবে না, এমন মনোভাব পরিহার করে জ্ঞান অর্জনের উদ্দেশ্যে লেখাপড়ায় শিক্ষার্থীদের মনোযোগী হওয়ার আহবান জানান।
ইউএনও নীরা গতকাল ১ ফেব্রুয়ারি বুধবার সকালে দক্ষিণ সুরমাস্থ লতিফা-শফি চৌধুরী মহিলা ডিগ্রি কলেজ এর একাদশ শ্রেণির ওরিয়েন্টেশন ও বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। লতিফা-শফি চৌধুরী মহিলা ডিগি কলেজের অধ্যক্ষ মোঃ আমিরুল আলম খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভর্তি কমিটির চেয়ারম্যান সহকারী অধ্যাপক ফখরুল ওয়াহেদ চৌধুরী, ক্রীড়া কমিটির চেয়ারম্যান সহকারী অধ্যাপক শেখ মোঃ আব্দুর রশিদ। উপস্থিত ছিলেন দক্ষিণ সুরমা প্রেসক্লাবের সহ সাধারণ সম্পাদক আব্দুল খালিক, লতিফা-শফি চৌধুরী মহিলা ডিগ্রি কলেজ সহকারী অধ্যাপক যথাক্রমে মোঃ মিজানুল কবির, সুহেনাজ তাজগেরা, রোকেয়া বেগম, শারমিন সুলতানা, তপতী রায়, বিশ্বজিত দেব, মোঃ আবু হানিফ, শক্তি রাণী সরকার, মোহম্মদ মহিউদ্দিন, নন্দ কিশোর রায়, প্রভাষক যথাক্রমে রিক্তা রাণী সরকার, ফারজানা ইয়াসমিন, আয়েশা আক্তার, বিকাশ চন্দ, আব্দুল্লাহ আল মাবরুর, নাছরিন আরা নার্গিস, আসমাউল হুসনা, মোঃ রুমমান উদ্দিন, কনিকা রাণী ঘোষ, সোহাগ মিলন, লিটন চন্দ্র শর্মা, মোঃ নিজামুল হক প্রমুখ।
শুরুতে পবিত্র কোরতান তেলাওয়াত ও গীতা পাঠ করা হয়। অনুষ্ঠানে অভিভাবকবৃন্দ সহ শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।
প্রধান অতিথি বক্তব্যে ইউএনও আরো বলেন, খেলাধুলা মন ও শরীর সুস্থ রাখে। লেখাপাড়ার পাশাপাশি শিক্ষার্থীদের মেধা বিকাশে

নিয়মিত খেলাধুলা করতে হবে। শিক্ষার্থীদের আদর্শ সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষক ও অভিভাবকদের দায়িত্বশীল ভূমিকা পালনের আহবান জানান।